# লা-তাহযান [হতাশ হবেন না]

বিভাগ/অধ্যায়ঃ লা-তাহযান - অনুচ্ছেদ সূচি

রচয়িতা/সঙ্কলকঃ ড. আয়িদ আল করনী

## ২৬৩. চিরস্থায়ী ধন-ভাণ্ডার

মানুষ পরকালের জন্য যা সাথে করে নিয়ে যায় তাই প্রকৃত ধন-ভাণ্ডার। ইসলাম, ঈমান, আমলে সালেহ, জিহাদ ও তওবা-এসব হলো এমন চিরস্থায়ী ধন-ভাণ্ডারের উদাহরণ বা উপমা।

“সালাতে তোমাদের মুখমণ্ডলসমূহকে পূর্বদিকে ও পশ্চিম দিকে ফিরানোতে কোন পুণ্য নেই, বরং পুণ্য আছে কেউ আল্লাহর প্রতি, শেষ দিবসের প্রতি, ফেরেশতাদের প্রতি, (সমস্ত) কিতাবের প্রতি ও নবীদের প্রতি ঈমান আনলে এবং সম্পদের প্রতি মহব্বত থাকা সত্ত্বেও আল্লাহর মহব্বতে আত্মীয়-স্বজনকে, ইয়াতীমদেরকে, অভাবগ্রস্তদেরকে, পর্যটকদেরকে, সাহায্যপ্রার্থীদেরকে ও দাসমুক্তির জন্য অর্থ-সম্পদ দান করলে এবং সালাত কায়েম করলে, যাকাত আদায় করলে, ওয়াদা দিয়ে তা পূর্ণ করলে এবং অর্থ সংকটের সময়ে, দুঃখ-কষ্টের সময়ে ও যুদ্ধের কষ্টে ধৈর্য ধারণ করলে। (আর যারা এসব আমলে সালেহ করে) তারাই ন্যায়পরায়ণ এবং তারাই মোত্তকী। (২-সূরা বাকারাঃ আয়াত-১৭৭)

Source — https://www.hadithbd.com/books/link/?id=7771

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন